# পাটওয়ারীকে রিমান্ডে নিলেই ককটেল হামলার তথ্য বের হবে: রাশেদ খাঁন



রাশেদ খান। ছবি: সংগৃহীত

নাসীরুদ্দীন পাটওয়ারীকে গ্রেপ্তার করে রিমান্ডে জিজ্ঞাসাবাদ করা হলে বাসে আগুন ও ককটেল হামলার সঙ্গে কারা জড়িত, তা বেরিয়ে আসবে বলে মন্তব্য করেছেন প্রধানমন্ত্রীর রাজনৈতিক সহকারী রাশেদ খাঁন।

মঙ্গলবার (২২ সেপ্টেম্বর) জাতীয় প্রেস ক্লাবে জাতীয়তাবাদী সমমনা জোট আয়োজিত আলোচনা সভায় তিনি এ মন্তব্য করেন।

রাশেদ খাঁন বলেন, বিএনপিকে বর্তমানে দুটি চ্যালেঞ্জ মোকাবিলা করে সরকার পরিচালনা করতে হচ্ছে। এর একটি জামায়াত-এনসিপির হঠকারী বিরোধী অবস্থান এবং অন্যটি আওয়ামী লীগের ফ্যাসিস্ট বিরোধী অবস্থান।

নাসীরুদ্দীন পাটওয়ারীকে উদ্দেশ করে তিনি বলেন, তাকে গ্রেপ্তার করে রিমান্ডে নিলেই বাসে ককটেল হামলা চালাচ্ছে কারা, সেই তথ্য বের হয়ে আসবে। দেশকে অস্থিতিশীল করার জন্য জামায়াত, এনসিপি ও আওয়ামী লীগ একসঙ্গে বাস ও ট্রেনে আগুন এবং ককটেল হামলা চালাচ্ছে বলেও অভিযোগ করেন তিনি।

আওয়ামী লীগের সঙ্গে তাল মিলিয়ে ১১ দলীয় জোট আগামী ডিসেম্বর থেকে কর্মসূচিতে নামতে চায় বলেও মন্তব্য করেন প্রধানমন্ত্রীর এই রাজনৈতিক সহকারী।

১১ দলীয় ঐক্যের লংমার্চ কর্মসূচি প্রসঙ্গে রাশেদ খাঁন বলেন, সাত মাসের একটি সরকারের বিরুদ্ধে এ ধরনের কর্মসূচি স্বাভাবিক নয়। জুলাইয়ের আন্দোলনের সময় বিএনপি ও এর অঙ্গসংগঠনের নেতাকর্মীদেরই সবচেয়ে বেশি গ্রেপ্তার করা হয়েছিল বলেও দাবি করেন তিনি।

জ্বালানি তেলের দাম বাড়ানোর প্রসঙ্গে রাশেদ খাঁন বলেন, বিশ্বজুড়ে বর্তমানে জ্বালানি সংকট চলছে। আন্তর্জাতিক বাজারের দামের সঙ্গে সমন্বয় করেই সরকার জ্বালানির দাম বাড়াতে বাধ্য হয়েছে। সরকারের বিভিন্ন উদ্যোগের কারণে আগামী দুই বছরের মধ্যে দেশে বিদ্যুৎ ও জ্বালানি সংকট থাকবে না বলেও আশা প্রকাশ করেন তিনি।

এদিকে প্রধানমন্ত্রীর বিদেশ সফরকে কেন্দ্র করে আওয়ামী লীগ দেশের ভাবমূর্তি নষ্ট করছে বলেও অভিযোগ করেন রাশেদ খাঁন।